

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নং: ৫২.০১.০০০০.৪০৯.১৮.০০৩.১৯-১১৬

তারিখ: ০৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২১ খ্রি.

বিষয়ঃ 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর জোনাল অপারেশন (১ম) কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ষষ্ঠ বারের মতো 'জনশুমারি ও গৃহগণনা' ২৫-৩১ অক্টোবর ২০২১ খ্রি. সময়ে সারাদেশে একযোগে পরিচালনা করতে যাচ্ছে। এ লক্ষ্যে, আগামী ২৩ জানুয়ারি-০১ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় জোনাল অপারেশন (১ম) কার্যক্রম পরিচালনা ও তদারকির পূর্বে দায়িত্বপ্রাপ্ত জেলা শুমারি সমন্বয়কারীগণ আগামী ১৮-১৯ জানুয়ারি, ২০২১ খ্রি. বিবিএস সদর দপ্তরে এবং জোনাল অফিসারগণ ২১-২২ জানুয়ারি, ২০২১ খ্রি. সংশ্লিষ্ট জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রশিক্ষণ গ্রহণ করবেন। উল্লেখ্য, জোনাল অফিসারগণ এ কার্যক্রমে জেলা পর্যায়ে প্রশিক্ষণ গ্রহণ শেষে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এলাকায় ১০ (দশ) দিনব্যাপী মাঠ পর্যায়ে গণনা এলাকা নির্ধারণ, জিও কোড হালনাগাদকরণ, সুপারভাইজার স্ক্যাচ ম্যাপ অঙ্কন, বেইজ ম্যাপে গণনা এলাকা চিহ্নিতকরণের কাজ করবেন। 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর জোনাল অপারেশন (১ম) কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য আপনার সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, আগামী ২৩ জানুয়ারি থেকে ০১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি. পর্যন্ত বিবিএস সহ বিবিএস এর বাইরে অন্য দপ্তর হতে নিয়োজিত জোনাল অফিসারগণ জাতীয় গুরুত্বপূর্ণ এ কাজটি যেন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারে এ বিষয়ে আপনার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ সক্রিয় সহযোগিতা ও সম্পৃক্ততার মাধ্যমে সরকারের গুরুত্বপূর্ণ এ প্রকল্প বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

মোহাম্মদ জাজুল ইসলাম

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

☎: ০২-৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd

উপজেলা নির্বাহী কর্মকর্তা

.....।

অনুলিপি:(জ্ঞাতার্থে/ কার্যার্থে)

- ১। বিভাগীয় কমিশনার (সকল)..... বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল)..... জেলা।
- ৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল).....।
- ৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল) (তার অধীনস্থ সকল উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাগণকে এ বিষয়ে যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ৬। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
- ৭। অফিস কপি।